

**কমিউনিটি স্কুল প্রোগ্রামে
৫শে কেন্দ্র খোলা
হচ্ছে : শিক্ষামন্ত্রী**

গণশিক্ষা অভিযানকে সাফল্য-
মণ্ডিত করতে সরকার সারা দেশ-
ব্যাপী কমিউনিটি স্কুল কমিউনিটি
অধীনে প্রায় ৫শে কেন্দ্র খুলবে।
শিক্ষা, ভূমি প্রশাসন ও ভূমি
সংস্কার মন্ত্রী জনাব টি এইচ খান
গতকাল ঢাকার একথা বলেন।
বাসসর খবরে বলা হয়, গতকাল
বিকেল ৩ টায় ইসলামিক ফাউন্ডে-
শন মিলনায়তনে গণশিক্ষা উপকরণ
বিতরণের জন্য আয়োজিত এক
অনুষ্ঠানে মন্ত্রী প্রধান অতিথির
ভাষণ দিচ্ছিলেন।
বাংলাদেশ গ্রামীণ যুব সমিতি
গতকাল ৫০টি গণশিক্ষা কেন্দ্রকে
বিভিন্ন শিক্ষা উপকরণ বিতরণ
করে। বাংলাদেশ গ্রামীণ যুব সমিতি
দেশে প্রায় ৩৯টি গণশিক্ষা কেন্দ্র
পরিচালনা করছে। এসব উপকরণের

শিক্ষামন্ত্রী

(১ম পৃষ্ঠা পর)
মধ্যে রয়েছে হারিকেন, শেলট,
এক্সারসাইজ বুক, বলপেন ও বই।
জনাব টি এইচ খান বলেন, যে
প্রথম পর্যায়ে খানা সদর দফতরে
মোট ১৯টি কেন্দ্র শীগগীরই চালু
হচ্ছে। তিনি বলেন, প্রতি থানায়
দুটো করে কেন্দ্র থাকবে—একটা
পুরুষ ও একটা মহিলাদের জন্য।
মন্ত্রী বলেন, অবশিষ্ট ৪৯টি
কেন্দ্র প্রথম পর্যায়ের সাফল্যের
ভিত্তিতে স্থাপন করা হবে। এসব
কেন্দ্র থেকে দক্ষ শ্রমিক তৈরি হবে
বলে তিনি উল্লেখ করেন। আগামী
মাসের প্রথম সপ্তাহ থেকেই এধর-
নের কেন্দ্রের শিক্ষকদের প্রশিক্ষণ
দেয়া হবে বলে তিনি জানান।
মরহুম প্রেসিডেন্ট জিয়াউর রহ-
মানের প্রতি শ্রদ্ধা জানিয়ে মন্ত্রী
বলেন যে মরহুম নেতার সূচিত
গণশিক্ষা অভিযান অব্যাহত থাকবে।
মন্ত্রী বলেন, জনগণ জেগে উঠেছে
এবং শিক্ষাগ্রহণের জন্য তারা এগিয়ে
 আসছে।

অনুষ্ঠানে যুব উন্নয়ন মন্ত্রণা-
লয়ের সচিব জলুদ সিদ্দিকুর রহ-
মান, প্রাথমিক গণশিক্ষা ডিরেক্টরে-
টের ডিরেক্টর জেনারেল জনাব এম
এ রাজাক ও সমিতির সভাপতি
জনাব আমির হোসেনও বক্তৃতা
করেন।

এনারু খবরে বলা হয়, শিক্ষামন্ত্রী
জনাব টি এইচ খান গতকাল ঢাকার
বলেন যে দক্ষ জনশিক্ষিত তৈরি করতে
সরকার প্রথম পর্যায়ে দেশে ১৯টি
কমিউনিটি স্কুল স্থাপনে একটা
স্কীম গ্রহণ করেছেন।

**ঢাকা শিক্ষা বোর্ড কর্মকর্তাদের
প্রতি শিক্ষামন্ত্রী**

বাসসর খবরে বলা হয়, ঢাকা
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা
বোর্ডের কর্মচারী সমিতির অভি-
যেক অনুষ্ঠানে গতকাল প্রধান অতি-
থির ভাষণদানকালে শিক্ষামন্ত্রী জনাব
টি এইচ খান ঢাকা মাধ্যমিক ও উচ্চ
মাধ্যমিক শিক্ষা বোর্ডের কর্মকর্তা-
দেরকে সততা ও নিষ্ঠার সাথে কাজ
করে তাদের প্রতিষ্ঠানের অতীত
গৌরব ফিরিয়ে আনার আহ্বান
করেন।